

সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয়ের অধীনে শুরু হচ্ছে এমবিএ



সংবাদ নজর প্রতিবেদন: চলতি বছর থেকেই সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয়ের অধীনে শুরু হতে চলেছে এমবিএ পাঠক্রম। অনন্য ও ব্যতিক্রমী শিক্ষাদানের লক্ষ্য নিয়ে ২০১৭ সালের জুলাই মাসে যাত্রা শুরু করেছিল সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয়। নিউটাউনে ১৭ একর জমিতে এই বিশ্ববিদ্যালয় শুরু হয়েছিল মাস কমিউনিকেশন, বাণিজ্য, অর্থনীতি ও সোশ্যাল ওয়ার্কের পোস্ট গ্রাজুয়েট কোর্স

নিয়ে। এবার নতুন সংযোজন ২ বছরের রেসিডেনশিয়াল এমবিএ কোর্স। ৭ আগস্ট ২০১৮ থেকে শুরু হবে প্রথম সেমিস্টার। এআইসিটিই-র অনুমোদন প্রাপ্ত এই কোর্সে মার্কেটিং, ফিন্যান্সিয়াল, হিউম্যান রিসোর্স ও সিস্টেমস এবং অপারেশন নিয়ে পড়ার সুযোগ থাকছে। প্রতি বছর দু'টি সেকশনের প্রতিটিতে ৬০ জন করে শিক্ষার্থী ভর্তি হতে পারবেন। আধুনিক সুযোগ সুবিধা, প্লেসমেন্ট সেল, আলাদা লাইব্রেরি, মডার্ন কম্পিউটার ল্যাবরেটরি এবং পর্যাপ্ত সংখ্যায় কম্পিউটার টার্মিনালের ব্যবস্থা ইতিমধ্যেই করা হয়ে গিয়েছে এই নতুন কোর্সের জন্য। সোমবার এক সাংবাদিক সম্মেলন করে সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে এ খবর জানিয়েছেন ডাইস-চ্যাপেলর ড. জে ফেলিক্স রাজ।

পাশাপাশি সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয়ের ডিসি জানিয়েছেন, ভবিষ্যতে আরও নতুন কিছু কোর্সের সংযোজন হবে। থাকবে অর্থনৈতিক ভাবে পিছিয়ে পড়া ছাত্রদের জন্য ভোকেশনাল কোর্সও। স্পোর্টস ম্যানেজমেন্ট, আইন নিয়েও কোর্স চালু হবে। তবে সব কিছুর জন্যই প্রয়োজন আরও জায়গার। সে জন্য বাংলার মুখ্যমন্ত্রীর কাছেও দরবার করা হবে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে।